

রংপুর ও পাবনায় এমএসএস-এর মাইক্রো ও ক্ষুদ্র এন্টারপ্রাইজ শাখা উদ্বোধন



রংপুর ও পাবনা জেলায় মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর ১৪৭তম ও ১৪৮তম মাইক্রো ও ক্ষুদ্র এন্টারপ্রাইজ (এমএসই) শাখা উদ্বোধন করা হয়েছে। গত ২৬ ডিসেম্বর, ২০২১ ও ২৮ ডিসেম্বর, ২০২১ তারিখে যথাক্রমে রংপুর নগরীর গণেশপুর এলাকায় এবং পাবনার পৌর শহরের মাছুম বাজার এলাকায় শাখা দুটির উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এমএসএস-এর নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন সংস্থার উপ-পরিচালক (মাইক্রো-এন্টারপ্রাইজ) জনাব সরদার সাহিদুল কবীর।

রংপুরের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রংপুর জোনের জোনাল ম্যানেজার জনাব মোঃ আফজাল হোসেন এবং পাবনার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নাটোর জোনের জোনাল ম্যানেজার জনাব মোঃ রেজাউল করিম। এছাড়া অনুষ্ঠানগুলোতে সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, ব্যাংক প্রতিনিধিবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



ঠাকুরগাঁও অঞ্চলে চালু হলো এমএসএস-এর আরো একটি প্রাক-প্রাথমিক বিদ্যালয়



ঠাকুরগাঁও জেলার লক্ষ্মীরহাট এলাকায় মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর পরিচালনায় ৩-৫ বছর বয়সী শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা, শিশুবান্ধব পরিবেশে

খেলাধুলা ও অন্যান্য শিক্ষণ কার্যক্রমের মাধ্যমে প্রাথমিক শিক্ষার জন্য উপযোগী করে গড়ে তোলার উদ্দেশ্যে আরো একটি নতুন প্রি-স্কুলের কার্যক্রম শুরু করা হয়েছে। এ নিয়ে বর্তমানে এমএসএস-এর চালু করা প্রি-স্কুলের সংখ্যা ছয়টি।

গত ডিসেম্বর, ২০২১ সনে লক্ষ্মীরহাট অঞ্চলে নতুন প্রি-স্কুলটির উদ্বোধন করা হয়। স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীরা ছাড়াও বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও প্রোগ্রামের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

নতুন ১০ ব্যাচকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেনিং ইউনিট



ডিসেম্বর, ২০২১ মাসে নতুন ১০টি ব্যাচে ১১৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেনিং ইউনিট। “ইভাকশন ট্রেনিং অব নিউ এমপ্রুইস”, “বেসিক মাইক্রোফাইন্যান্স কোর্স” এবং “অরিয়েন্টেশন অন অ্যাকাউন্টিং অ্যান্ড ডকুমেন্টেশন ট্রেনিং কোর্স”-সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (CDO) ও ট্রেনিং

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (TCDO)-দের বিভিন্নমুখী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে “স্পেশালাইজড মাইক্রোফাইন্যান্স ম্যানেজমেন্ট কোর্স ফর সিডিও’স অ্যান্ড টিসিডিও’স” নামে দুইটি বিশেষ কোর্স পরিচালনা করা হয়। এমএসএস-এর প্রধান কার্যালয় সহ রাজশাহীর জোন অফিস ও সিবিআরসি-তে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে।

সংশ্লিষ্ট কোর্সগুলোতে ব্রাঞ্চ ম্যানেজার (BM), এরিয়া ম্যানেজার (AM), নতুন ব্রাঞ্চ অ্যাকাউন্ট্যান্ট, লোন অ্যান্ড সেভিংস অফিসার (LSO), ট্রেনিং কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (TCDO) ও কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসারগণ (CDO) অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মশালায় স্ব-শরীরে ও অনলাইনে যুক্ত ছিলেন এমএসএস-এর নির্বাহী পরিচালক মুনাওয়ার রেজা খান।

এমএসএস-এর ঋণ নিয়ে স্বাবলম্বী প্রিয়া মনি বেগম



মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর মহিলা ঋণদান কর্মসূচির ১নং জোনের অন্তর্ভুক্ত ১২৯নং মীরের বাজার শাখার সদস্য প্রিয়া মনি বেগম। গাজীপুরের পূর্বাইলের হাড়িবাড়িটেক গ্রামের প্রিয়া মনি গত দুই বছর ধরে এ শাখার ঋণী সদস্য। বিয়ের পরপরই প্রিয়ার স্বামী পরিবারে আর্থিক স্বচ্ছলতা আনতে বিদেশে পাড়ি জমান। স্বামীর সামান্য উপার্জনে প্রিয়া সংসার সামলাতে হিমশিম খাচ্ছিলেন। এদিকে কিছুদিন পর কোলজুড়ে একটি মেয়ে সন্তান এলে তাঁর দুশ্চিন্তা বহুগুণে বেড়ে যায়।

একমাত্র সন্তানকে ভালোভাবে পড়াশোনা করিয়ে মানুষ করতে বন্ধপরিবার প্রিয়া ২০২০ সালে এমএসএস-এর সঙ্গে যুক্ত হন। সংস্থার এসএমএপি প্রকল্প থেকে ২ বার ঋণ নিয়ে তিনি পোল্ট্রি ফার্ম ও বাড়ির উঠানে শাক-সবজি চাষ শুরু করেন। বর্তমানে প্রতি মাসে তিনি ৩০ হাজার থেকে ৪০ হাজার টাকা আয় করেন। বাড়ির টিনের ঘরের জায়গায় তৈরি করেছেন আখা পাকা বাড়ি। মেয়েকেও পাঠাচ্ছেন ভালো মানের স্কুলে। প্রিয়া মনি ঋণ নিয়ে তাঁর ব্যবসা সম্প্রসারণ করার পাশাপাশি এলাকায় নতুন কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি করেছেন। এ সবকিছুর জন্যই প্রিয়া মনি বেগম মানবিক সাহায্য সংস্থার প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এটি মানবিক সাহায্য সংস্থা’র মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিটের একটি প্রকাশনা
সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পশ্চিম পাছপথ, ঢাকা -১২০৫